

Office of the Dean

Faculty of Pharmacy

Mukarram Hossain Khundker Biggan
Bhaban (5th Floor), University of Dhaka
Dhaka-1000, Bangladesh



ডিনের কার্যালয়

ফার্মেসী অনুষদ

মোকাররম হোসেন খন্দকার বিজ্ঞান
ভবন (৬ষ্ঠ তলা), ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ

নং-ফাঃ অনুঃ/৩৩৯/২৫

০৮ আশ্বিন, ১৪৩২

২৩ সেপ্টেম্বর ২০২৫

চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০

বিষয়ঃ- ওমেগ হেলথ ক্যাম্প (খুলে বলো ক্যাম্পেইন) প্রসঙ্গে

প্রিয় মহোদয়

আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, আগামী ২৫ শে সেপ্টেম্বর ২০২৫ তারিখ বৃহস্পতিবার ফার্মেসী বিভাগ, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে উদযাপিত হবে। ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে অনুষ্ঠানের দিন নুভিস্তা ফার্মাসিউটিক্যালস এর সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে ওমেগ হেলথ ক্যাম্প (খুলে বলো ক্যাম্পেইন) মোকাররম হোসেন খন্দকার বিজ্ঞান ভবন চত্বরে সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। এখানে দুইজন গাইনী বিশেষজ্ঞ মহিলা চিকিৎসক উপস্থিত থাকবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্রীদের জন্য এটি উন্মুক্ত থাকবে। উল্লেখিত সময়ে এই ক্যাম্পে এসে ছাত্রীদের প্রয়োজনীয় স্বাস্থ্য সহায়তা নেওয়ার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

ওমেগ হেলথ ক্যাম্পে পলিসিস্টিক ওভারিয়ান সিনড্রোম, ইরেগুলার সাইকেল, একনি ও হিরসুটিজম, এন্ডোমেট্রিওসিস, আয়রন ও ভিটামিন ডি ঘাটতি, থাইরয়েড জনিত সমস্যা, স্তন ও জরায়ু ক্যান্সার এবং অন্যান্য স্বাস্থ্য সমস্যার প্রয়োজনীয় চিকিৎসা পরামর্শ প্রদান করা হবে।

উল্লেখ্য মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বিষয়টি অবগত আছেন এবং এ ব্যাপারে প্রয়োজনীয় প্রশাসনিক সহায়তা প্রদানের কথা জানিয়েছেন।

ধন্যবাদান্তে

অধ্যাপক ড. জাকির আহমেদ চৌধুরী
চেয়ারম্যান
ফার্মেসী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

female student
- HLO
24/9/25

অধ্যাপক ড. জাকির আহমেদ খান
চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. মো. সেলিম রেজা
ডিন
ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়